গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০১৭.২৬.৫৭

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **"রেডিসন ক্রিয়েশনস লিমিটেড" নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব অপরিবর্তিত রেখে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নম্বর: ১২৪৬ তারিখঃ ০৬/১০/২০২৬ খ্রিঃ।
২। বস্ত্র অধিদপ্তরের স্মারক নম্বরঃ ২৪.০২.০০০০.০০০.০০৩.১৯.০০৫৮.২৬-৯৪ তারিখঃ ১৩/০৮/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রেডিসন ক্রিয়েশনস লিমিটেড অফিস: বি-৮৪, বিসিক, শিল্পনগরী, টঙ্গী, গাজীপুর ও কারখানা: ৭১/২, ব্লক-এ, হারবাইদ বাজার রোড, পূবাইল, গাজীপুর নামক স্থানীয় বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি ১০০% রপ্তানিমুখী "গার্মেন্টস ওয়াশিং এন্ড ডাইং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অনুকূলে বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যা: পরি:/ওয়াশিং:-০০০০০৭৮৮-২০২৫, তারিখ: ১৭ জুলাই ২০২৫ খ্রিঃ। প্রতিষ্ঠানটির আইআরসি নং- ২৬০৩২৬১২০৬৪৫৩২৫, তারিখ: ১০/০৮/২০২৫ খ্রিঃ। আইআরসি সনদ অনুযায়ী প্রতিষ্ঠানটির অনুকূলে বর্তমানে নির্ধারিত ষান্মাসিক আমদানি স্বত্ব ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা।

০২। উক্ত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব অপরিবর্তিত রেখে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী শিল্প আইআরসি সনদ এর মেয়াদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর বৃদ্ধির সুপারিশপত্র প্রাপ্তির জন্য অত্র অধিদপ্তরে দাখিলকৃত আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী "গার্মেন্টস ওয়াশিং এন্ড ডাইং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য যোগ্য বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, রেডিসন ক্রিয়েশনস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী "গার্মেন্টস ওয়াশিং এন্ড ডাইং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হওয়ায়, উক্ত প্রতিষ্ঠানটির অনুকূলে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এর অনুচ্ছেদ ২৩ (ক) ও (খ) মোতাবেক আইআরসি সনদ অনুযায়ী ষান্মাসিক আমদানি স্বত্ব ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা অপরিবর্তিত রেখে শিল্প আইআরসি সনদ এর মেয়াদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর বৃদ্ধির জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী "গার্মেন্টস ওয়াশিং এন্ড ডাইং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটিকে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

তবে, এ সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোনো প্রকার আইনগত দায়মুক্তি প্রদান করবে না। প্রতিষ্ঠানটিকে প্রচলিত আইন, বিধি-বিধান, 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সকল নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

১৩-১০-২০২৬
মোঃ মাহফুজুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০১৭.২৬.৫৭/১ (৬)

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
২। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।)।
৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিরন জন্য]।
৫। ব্যবস্থাপনা পরিচালক, রেডিসন ক্রিয়েশনস লিমিটেড অফিস: বি-৮৪, বিসিক, শিল্পনগরী, টঙ্গী, গাজীপুর ও কারখানা: ৭১/২, ব্লক-এ, হারবাইদ বাজার রোড, পূবাইল, গাজীপুর।
৬। অফিস কপি/মাস্টার, ফাইল।

Asib

১৩-১০-২০২৬
আসিফ চৌধুরী
সহকারী পরিচালক